DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) । তৈরি: 15 Aug 2026, 11:59 PM

আইন-আদালত

# নারী আইনজীবীকে পেপারওয়েট নিক্ষেপ: গোপালগঞ্জের সেই বিচারক প্রত্যাহার

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: শুক্রবার, ২৪ জুলাই ২০২৬, ১০:২১ AM




গোপালগঞ্জে আদালতকক্ষে এক নারী শিক্ষানবিশ আইনজীবীর দিকে পেপারওয়েট নিক্ষেপের অভিযোগে অভিযুক্ত বিচারক মো. সুজন মিয়াকে প্রত্যাহার করা হয়েছে। আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় তাঁকে স্ট্যান্ড রিলিজ (অবিলম্বে প্রত্যাহার) করে মন্ত্রণালয়ে সংযুক্ত করার নির্দেশ দিয়েছে।

মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-১ থেকে আজ বৃহস্পতিবার এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। উপসচিব (প্রশাসন-১) এ এফ এম গোলজার রহমান স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বিচারক মো. সুজন মিয়াকে আজ অপরাহ্নেই বর্তমান কর্মস্থলের দায়িত্ব বুঝিয়ে দিয়ে অবিলম্বে মন্ত্রণালয়ে যোগ দেওয়ার আদেশ দেওয়া হয়েছে।

এদিকে এই ঘটনার প্রতিবাদে আজ সকালে গোপালগঞ্জ আদালত প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিল বের করেন স্থানীয় আইনজীবীরা। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় আদালত চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে বক্তব্য দেন আইনজীবী হাবীবুর রহমান হাবীব, মিলন শরীফ, রোকেয়া আক্তার রূপা ও সোহাগ সমাজদার।

সমাবেশে আইনজীবীরা অভিযোগ করেন, আদালতকক্ষের ভেতরে একজন বিচারকের এমন আচরণ পুরো বিচার বিভাগের মর্যাদাকে ক্ষুণ্ন করেছে। তাঁরা ঘটনার সুষ্ঠু তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি বিচার বিভাগের জবাবদিহিতা নিশ্চিত করার জোর দাবি জানান।

প্রত্যাহারের বিষয়ে জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট কাজী আবুল খায়ের জানান, আদেশের বিষয়টি পৌঁছানোর পর আদালত চত্বরের আইনজীবীদের মধ্যে স্বস্তি ও সন্তোষ ফিরে এসেছে। আইনজীবীদের তোলা দাবি বাস্তবায়িত হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আহত ওই শিক্ষানবিশ আইনজীবীও মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তে সন্তোষ প্রকাশ করেছেন।

---

## এ বিভাগের আরও খবর



**রামিসা হত্যা: দুই আসামির ডেথ রেফারেন্স হাইকোর্টের তালিকায়**
রাজধানীর মিরপুরের পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামি সোহেল রানা ও স্বপ্না খাতুনের আপিল ও...



**কাকা, তুমি খালি বাইরে বাইরে থাকলে কেন: পরশকে কাদের**
জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে যুক্তিতর্ক উপস্থাপনের সময় ট...



### রামিসা হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির প্রস্তুতি সম্পন্ন

শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলার ডেথ রেফারেন্স ও আপিল শুনানির সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত ও মাগুরার আছিয়া হত্যা...




### বাড়িঘর ব্যবসা প্রতিষ্ঠান পুড়িয়ে দেওয়ার নির্দেশ, হাসিনার ফোনালাপ ট্রাইব্যুনালে

জুলাইয়ে আন্দোলনকারীদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান পুড়িয়ে দেয়ার নির্দেশনা সংক্রান্ত শেখ হাসিনার সঙ্গে ওবায়দুল কাদের ও হাছান মাহমুদের ফোনালাপ ট...


Copyright Dhaka Probe


অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/law-court/nari-ainjibike-peparojet-nikshep-gopalgnjer-sei-bichark-prtjahar